



এক নজরে গত মাসের কার্যক্রম

- ১৪টি নিয়মিত অডিও প্রোগ্রাম।
- যোগাযোগ দক্ষতা ও সামাজিক সমন্বয় বিষয়ে ২টি আলাপচারিতা।
- জলবায়ু পরিবর্তন ও স্থিতিস্থাপকতা বিষয়ে ২টি ম্যাগাজিন।
- জনসাধারণের পরিসেবা ও সামাজিক সমস্যার তথ্য নিয়ে ৪টি পিএসএ।

আত্মতৃপ্তি সন্ধান করতেই সেচ্ছাসেবী হয়ে ওঠা শারমিন আক্তার মৌনির

তরুণদের নিয়ে রেডিও সৈকতের বিশেষ অনুষ্ঠান নবীনপ্রাণ-এ তুলে ধরা হয় সমাজে তারুণ্যের ভূমিকা। এবারের পর্বে আমন্ত্রিত ছিলেন Volunteer for Bangladesh কল্লবাজার শাখার সভাপতি।

তিনি বলেন সেচ্ছাসেবামূলক কাজে আত্মতৃপ্তি মেলে। সেই সাথে যখন তার ভালো কাজে অন্যরা অনুপ্রাণিত হয় তখন কাজের গতি আরো বেগবান হয়ে যায়। তাছাড়া তিনি আরো বলেন, সমাজ আমাদের সব সময় দিয়ে যাবে আমরা সমাজের জন্য কিছু করবনা তা সম্ভব নয়। আমাদেরও সমাজের জন্য কিছু করতে হবে। আর তা আমরা সেচ্ছাসেবী কাজের মাধ্যমে করাতে পারি।

পড়ালেখা এবং ব্যক্তিগত দায় দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক দায়িত্ব পালনের মনোভাব গড়ে উঠুক সব তরুণদের মাঝে, এই প্রত্যাশা রেডিও সৈকতের।



শারমিন আক্তার মৌনি, সাক্ষাৎকার গ্রহণে আনিকা তাসনিম।



প্রাপ্তি

গত ১৪ এপ্রিল পহেলা বৈশাখ উপলক্ষে একটি ভিডিও ডকুমেন্টারি তৈরী করা হয়। উক্ত ডকুমেন্টারিতে পহেলা বৈশাখ নিয়ে বিভিন্ন অজানা তথ্য তুলে ধরা হয়। উক্ত ডকুমেন্টারি সবার খুব প্রশংসা পেয়েছে। এই ডকুমেন্টারি রেডিও সৈকতের ফাইসবুক পেইজে আপলোড করা হয়। এটি ২.২ হাজার মানুষ দেখেছে এবং ৪০ কমেট ১২৫ লাইক এবং ১১ শেয়ার হয়েছে। যা রেডিও সৈকতের জন্য বড় একটি প্রাপ্তি।



রেডিও সৈকত টিম

এগিয়ে যাওয়া



অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক

কমিউনিটি রেডিও কার্যক্রম স্থানীয় পর্যায়ে পর্যবেক্ষণ তদারক স্টেশনের শক্তি ও দুর্বলতা নিরিখে, সংশ্লিষ্ট স্টেশনকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার উদ্দেশ্যে স্থানীয় উপদেষ্টা কমিটি গঠন করা হয়। এই কমিটির সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। এই কমিটির আওতায় রেডিও সৈকত কক্সবাজারের প্রান্তিক মানুষের উন্নয়নের জন্য কাজ করে সুন্দর সমাজ গঠনের লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছে।

শুভেচ্ছাবাণী



শ্রোতাক্লাব সদস্য, নাজিম-উদ্দিন বিশাল

শ্রোতাক্লাবের সদস্য নাজিম উদ্দিন বিশাল জানান রেডিও সৈকতের শিক্ষাগ্ন অনুষ্ঠান থেকে শিক্ষাবিষয়ক নানা তথ্য জানতে পেরেছে। যা তাকে পড়ায় মনোযোগ বাড়াতে সাহায্য করেছে। তার জন্য তিনি রেডিও সৈকতকে ধন্যবাদ এবং ভবিষ্যতের যেন এইভাবে মানুষের কল্যাণের কাজ করে যাক তার জন্য শতকামনা জানান।

সংগীত শিল্পী অজয় মজুমদার জানান , রেডিও সৈকত প্রান্তিক মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি সংস্কৃতির চর্চাকেও সাধারণ জনগণের কাজে তুলে ধরছে। বাংলার সংস্কৃতিকে সাধারণ জনগণের কাছে তুলে ধরার জন্য তিনি রেডিও সৈকতকে সাধুবাদ জানান।



অজয় মজুমদার, সংগীত শিল্পী



শ্রোতা মতামত

❖ কক্সবাজার জেলার রামু উপজেলায় ইনস্টিটিউট অব মিউজিক এর কিশোরী শিক্ষার্থীদের নিয়ে গঠন করা হয় কিশোরী শ্রোতাক্লাব। শ্রোতাক্লাব গঠনকালে আমরা কিশোরীদের স্বাস্থ্য নিয়ে নানা সমস্যা এবং সমাধান নিয়ে আলোচনা করি। কিশোরী শ্রোতাক্লাবের কিশোরী সদস্যরা বলেন আমরা আশা করি রেডিও সৈকতের অনুষ্ঠান শুনে আমাদের সমস্যার সমাধান হবে এবং আমরা নতুন নতুন তথ্য জানতে পারবো। আমরা শিক্ষা, স্বাস্থ্য এই সব বিষয় সম্পর্কে জানতে পারব।



কিশোরী শ্রোতাক্লাব, রামু।

❖ গৃহবিক্রাবের একজন সদস্য ফেরদৌসী আকতার আমাদের জানান তিনি আমাদের প্রেরণা অনুষ্ঠান শুনে নিজে ছাগল পালন শুরু করেন, বর্তমানে সে এখন ১০-১২ টি ছাগলের মালিক। তার কোন সন্তান নাই তিনি ছাগলগুলোকে নিজ সন্তানের মত করে লালন-পালন করেন।



ফেরদৌসী আকতার, গৃহবিক্রাব